

# কোভিড-১৯ ভ্যাকসিন সম্পর্কিত প্রশ্ন



প্রতিবন্ধীদের কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেশি থাকে।

যাদের বিকাশজনিত অক্ষমতা এবং শারীরিক অসুস্থতা আছে, তারা কোভিড-১৯ এ আক্রান্ত হতে পারে এবং খুব অসুস্থও হতে পারে।

প্রশ্ন: ভ্যাকসিন কী?

উত্তর: ভ্যাকসিন আপনার দেহকে শেখায় কিভাবে রোগ প্রতিরোধ এবং মোকাবেলা করতে হবে।

প্রশ্ন: আমাকে কেন ভ্যাকসিন গ্রহণ করতে হবে?

উত্তর: ভ্যাকসিন আপনাকে ও আপনার আশেপাশের সবাইকে নিরাপদ এবং সুস্থ থাকতে সহায়তা করে।

প্রশ্ন: কোভিড-১৯ ভ্যাকসিন কি নিরাপদ?

উত্তর: হ্যাঁ। এই ভ্যাকসিন অল্প দ্রুত তৈরী করা হয়েছিল, তবে বিজ্ঞানীরা কোভিড-১৯ ভ্যাকসিন তৈরী ও পরীক্ষার জন্যে দলবদ্ধভাবে কাজ করেছিলেন। অনেক মানুষকে কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়া হয়েছিল। পরীক্ষায় দেখা গেছে যে ভ্যাকসিন মানুষের জন্যে নিরাপদ।



ইন্ডিয়ানা কোভিড -১৯ টিকা সংস্থাগুলির জন্যে দেখুন  
<https://go.iu.edu/3QBq>

## কোভিড-১৯ ভ্যাকসিন সম্পর্কিত প্রশ্ন

প্রশ্ন:কোভিড -১৯ ভ্যাকসিন কি আমাকে কোভিড -১৯ এ আক্রান্ত করতে পারে?

উত্তর: না।কোভিড -১৯ ভ্যাকসিন আপনাকে কোভিড -১৯ এ আক্রান্ত করতে পারে না।

প্রশ্ন:কোভিড -১৯ ভ্যাকসিন কি আমাকে কোনো রোগে আক্রান্ত করতে পারে বা অক্ষমতা তৈরী করতে পারে?

উত্তর: না।কোভিড -১৯ ভ্যাকসিন পরীক্ষার করা হয়েছিল। ভ্যাকসিন গ্রহণের কারণে কারও কোন রোগ না অক্ষমতা তৈরী হয়নি।

প্রশ্ন: আমি ইতিমধ্যে কোভিড -১৯ এ আক্রান্ত হয়েছি। আমার কি এখনও ভ্যাকসিন নিতে হবে?

উত্তর: হ্যাঁ। আপনার আবার কোভিড -১৯ এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা আছে। অতএব, ভ্যাকসিন নেওয়া আপনার জন্য ভালো হবে।

প্রশ্ন: আমি শুনেছি যে, কোভিড -১৯ ভ্যাকসিনের খুব খারাপ পার্শ্বপ্রতিক্রিয়া রয়েছে। ইটা কি সত্যি?

উত্তর: কারও কারও পার্শ্বপ্রতিক্রিয়া হয়েছে, আবার কারও কারও হয়নি। আপনার মাথাব্যথা, ঠাণ্ডা লাগা,পেশিব্যাথা হতে পারে বা ক্লান্ত লাগতে পারে। কিন্তু সেগুলো মৃদু এবং এক বা দুই দিন পরেই চলে যায়।

প্রশ্ন: আমার ডিম্, বাদাম এবং/অথবা মৌমাছির দংশনে এলার্জি আছে। আমার কি তবুও কোভিড -১৯ ভ্যাকসিন গ্রহণ করা উচিত?

উত্তর: আপনার তীব্র এলার্জি থাকলেও আপনি ভ্যাকসিন গ্রহণ করতে পারবেন। কিন্তু আপনার যদি ভ্যাকসিনের কোনো উপাদানে এলার্জি থাকে, তাহলে আপনার ভ্যাকসিন গ্রহণ করা উচিত হবে না। আপনার সুযোগ সম্পর্কে আপনার ডাক্তারের সঙ্গে আলোচনা করুন।

প্রশ্ন:কোভিড -১৯ ভ্যাকসিন গ্রহণ করার পরওকি আমাকে মাস্ক ব্যবহার করতে হবে বা সামাজিক দূরত্ব মেনে চলতে হবে?

উত্তর: যদি আপনি ভ্যাকসিন গ্রহণ করেছেন এমন বেক্তির আশেপাশে থাকেন তাহলে আপনাকে মাস্ক ব্যবহার করতে বা বা সামাজিক দূরত্ব মেনে চলতে হবে না। অবশ্য গণপরিবহন, প্লেন, ট্রেন এবং ক্যাব ব্যবহার করার সময় আপনাকে মাস্ক ব্যবহার করতে হবে। এমনকি আপনি কিছু জায়গায় কেনাকাটা করতে বা ঘুরতে গেলে আপনাকে মাস্ক পড়তে বলা হতে পারে।